

ধানের পোকামাকড় দমন ব্যবস্থাপনা

১. বাদামি ও সাদা-পিঠ গাছফড়িং

<ul style="list-style-type: none"> • আলোক ফাঁদ ব্যবহার করুন। • জমিতে পোকা বাড়ার সম্ভাবনা দেখা দিলে জমে থাকা পানি সরিয়ে ফেলুন। • উর্বর জমিতে ইউরিয়া সারের উপরি প্রয়োগ করবেন না। • নিয়মিত ধান ক্ষেত পর্যবেক্ষণ করুন। • পোকাকার আক্রমণ অর্থনৈতিক ক্ষতির দ্বার প্রান্তে পৌঁছিলে (ক্ষেতের অধিকাংশ গাছে চারটি ডিমওয়ালা পেট মোটা পূর্ণবয়স্ক স্ত্রী পোকা বা ১০ টি বাচ্চা গাছ ফড়িং বা উভয়ই) পার্শ্বে উল্লিখিত যে কোন একটি অনুমোদিত কীটনাশক সঠিক মাত্রায় ব্যবহার করুন। • কীটনাশক অবশ্যই গাছের গোড়ায় প্রয়োগ করতে হবে। 	কীটনাশক		প্রয়োগ মাত্রা/ হেক্টর
	জেনেরিক নাম	ব্র্যান্ড নাম	
	পাইমেট্রোজিন	প্লেনাম ৫০ ডব্লিউজি	৫০০ গ্রাম
	কার্টাপ	সানটাপ ৫০এসপি	১.২ কেজি
	এমআইপিসি	মিপসিন ৭৫ ডব্লিউপি	১.৩ কেজি
	ইমিডাক্লোপ্রিড	এডমায়ার ২০ এসএল	১২৫ এমএল
	এবামেস্টিন	সানমেস্টিন ১.৮ ইসি	১.০ লিটার
	এসিফেট	এসটাফ ৭৫ এসপি	৭৫০ গ্রাম
	এসিটামিপ্রিড	প্লাটিনাম ২০ এসপি	৫০ গ্রাম
	কার্বোসালফান	মার্শাল ২০ ইসি	১.০ লিটার
থায়ামেথোক্সাম	একতারা ২৫ ডব্লিউজি	৬০ গ্রাম	

২. পাতা মোড়ানো পোকা

<ul style="list-style-type: none"> • আলোক ফাঁদ ব্যবহার করুন। • জমিতে পাচিং করুন। • ইউরিয়া সারের অতিরিক্ত ব্যবহার পরিহার করুন। • জমিতে শতকরা ২৫ ভাগ পাতা ক্ষতিগ্রস্ত হলে পার্শ্বে উল্লিখিত যে কোন একটি অনুমোদিত কীটনাশক সঠিক মাত্রায় প্রয়োগ করুন। 	কীটনাশক		প্রয়োগ মাত্রা/হেক্টর
	জেনেরিক নাম	ব্র্যান্ড নাম	
	কার্বারিল	সেভিন ৮৫ এসপি	১.৭ কেজি
	ক্রোরপাইরিফস	ডার্সবান ২০ ইসি	১.০ লিটার
	আইসোথ্রোক্যার্ব/ এমআইপিসি	মিপসিন ৭৫ ডব্লিউপি	১.১২ কেজি

৩. মাজরা পোকা

<ul style="list-style-type: none"> • মাজরা পোকাকার ডিমের গাদা সংগ্রহ করে নষ্ট করে ফেলুন। • জমিতে পাচিং করুন। • সন্ধ্যার সময় আলোক ফাঁদের সাহায্যে মথ আকৃষ্ট করে মেরে ফেলুন। • ধান কাটার পর নাড়া পুড়িয়ে ফেলুন। • ক্ষেতে মরা ডিগ শতকরা ১০-১৫ ভাগ অথবা মরা শিশ শতকরা ৫ ভাগ পাওয়া গেলে পার্শ্বে উল্লিখিত যে কোন একটি অনুমোদিত কীটনাশক সঠিক মাত্রায় প্রয়োগ করুন। 	কীটনাশক		প্রয়োগ মাত্রা/হেক্টর
	জেনেরিক নাম	ব্র্যান্ড নাম	
	থায়ামেথোক্সাম+ ক্রোরানট্রানিলিপোল	ভির্ভাকো ৪০ ডব্লিউজি	৭৫ গ্রাম
	কার্টাপ	সানটাপ ৫০এসপি	১.৪ কেজি
	কার্বোসালফান	মার্শাল ২০ ইসি	১.৫ লিটার
	ক্রোরপাইরিফস	ডার্সবান ২০ ইসি	১.০ লিটার
ফুবেনডিয়ামাইড	বেস্ট ২৪ ডব্লিউজি	২০০ গ্রাম	

৪. পামরি পোকা

<ul style="list-style-type: none"> • পামরি পোকা আক্রমণ প্রবণ এলাকায় মুড়ি ফসল চাষ পরিহার করুন। • পামরি পোকাকার ডিম, কীড়া ও বয়স্ক পোকা মুক্ত চারা ব্যবহার করুন। • হাতজাল দিয়ে পোকা ধরে মেরে ফেলুন। • ৩-৮ টি পূর্ণ বয়স্ক পোকা/গোছা, ৮-১০ টি হাব/পাতা অথবা শতকরা ৩৫ ভাগ পাতা ক্ষতিগ্রস্ত হলে পার্শ্বে উল্লিখিত যে কোন একটি কীটনাশক সঠিক মাত্রায় প্রয়োগ করতে হবে। 	কীটনাশক		প্রয়োগ মাত্রা/হেক্টর
	জেনেরিক নাম	ব্র্যান্ড নাম	
	কার্বারিল	সেভিন ৮৫ এসপি	১.৭০ কেজি
	ক্রোরপাইরিফস	ডার্সবান ২০ ইসি	১.০ লিটার
	আইসোথ্রোক্যার্ব/ এমআইপিসি	মিপসিন ৭৫ ডব্লিউপি	১.১২ কেজি
	কার্বোসালফান	মার্শাল ২০ ইসি	১.১২ লিটার


৫. গান্ধি পোকা

<ul style="list-style-type: none"> • আলোক ফাঁদ ব্যবহার করুন। • ২-৩টি গোছায় গড়ে একটি গান্ধি পোকা দেখা গেলে পার্শ্বে উল্লিখিত তালিকার যে কোন একটি অনুমোদিত কীটনাশক সঠিক মাত্রায় প্রয়োগ করুন। • কীটনাশক বিকেল বেলায় প্রয়োগ করতে হবে। 	কীটনাশক		প্রয়োগ মাত্রা/হেক্টর
	জেনেরিক নাম	ব্র্যান্ড নাম	
	ক্রোরপাইরিফস	ডার্সবান ২০ ইসি	১.০ লিটার
	এমআইপিসি/ আইসোথ্রোক্যার্ব	মিপসিন ৭৫ ডব্লিউপি	১.১২ কেজি
	কার্বারিল	সেভিন ৮৫ ডব্লিউপি	১.৭০ কেজি
	ম্যালাথিয়ন	ফাইফানন ৫৭ ইসি	১.১২ লিটার

৬. শিশ কাটা লেদা পোকা

<ul style="list-style-type: none"> • ধান কাটার পর জমি চাষ দিয়ে বা নাড়া পুড়িয়ে জমিতে লুকিয়ে থাকা কীড়া ও পুত্রলি মেরে ফেলুন, যার ফলে পরবর্তী মৌসুমে পোকাকার সংখ্যা উল্লেখযোগ্যভাবে কমে যাবে। • জমিতে পাচিং করুন। • দিনের আলোতে লুকিয়ে থাকা পোকাগুলো সন্ধ্যায় ধান গাছে দেখা গেলে ঐ সময় কীটনাশক প্রয়োগ করতে হবে। • আক্রমণ বেশি হলে পার্শ্বে উল্লিখিত অনুমোদিত কীটনাশক সঠিক মাত্রায় প্রয়োগ করুন। 	কীটনাশক		প্রয়োগ মাত্রা/হেক্টর
	জেনেরিক নাম	ব্র্যান্ড নাম	
	কার্বারিল	সেভিন ৮৫ ডব্লিউপি	১.৭০ কেজি

বিঃ দ্রঃ তালিকায় উল্লিখিত কীটনাশক ব্যতীত অন্য অনুমোদিত কীটনাশক ব্যবহার করা যেতে পারে।
 ➤ ধান লাগানোর পর আউশ ও রোপা আমন মৌসুমে ৩০ দিন এবং বোরো মৌসুমে ৪০ দিন পর্যন্ত পোকাকার আক্রমণ ব্যতীত কীটনাশক ব্যবহার থেকে বিরত থাকুন।


 13.03.18
 বিভাগীয় প্রধান, কীটতত্ত্ব বিভাগ
 ব্রি, গাজীপুর।